প্রথম আলো

21 MAR 2017

### তনু হত্যার বর্ষপূর্তিতে গণজাগরণ মঞ্চ

# তদন্তের অগ্রগতি না হলে আন্দোলন

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা



তনু হত্যা মামলা

কলেজছাত্রী সোহাগী জাহান তনু হত্যাকাণ্ডের এক বছর পূর্তি উপলক্ষে গতকাল সোমবার দিনব্যাপী নানা আয়োজনে তাঁকে স্মরণ করেছেন পরিবার, ভিক্টোরিয়া কলেজ থিয়েটার, ইতিহাস বিভাগ ও গণজাগরণ মঞ্চের কর্মীরা। এর মধ্যে গণজাগরণ মঞ্চ আগামী ১০ দিনের মধ্যে তদন্তের দৃশ্যমান কোনো অগ্রগতি না দেখলে লাগাতার আন্দোলন করবে বলে জেলা পুলিশ সুপার ও পুলিশের অপরাধ তদন্ত বিভাগে (সিআইডি) দেওয়া স্মারকলিপিতে উল্লেখ করেছে।

গত বছরের ২০ মার্চ রাতে কুমিল্লার ময়নামতি সেনানিবাসের একটি জঙ্গল থেকে ভিক্টোরিয়া কলেজের ইতিহাস বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ও নাট্যকর্মী তনুর লাশ উদ্ধার করা হয়। এরপর ওই হত্যাকাণ্ড, ময়নাতদন্ত প্রতিবেদন ও মামলার তদন্ত নিয়ে সারা দেশে সন্দেহ এবং তোলপাড় সৃষ্টি হয়। দীর্ঘ সময়েও এ মামলার কোনো কিনারা করতে পারেনি পুলিশ। হত্যাকাণ্ডের সঙ্গে কারা জড়িত কিংবা আসামি কারা, তা-ও শনাক্ত হয়নি। ধর্ষণের পর কারা তাঁকে হত্যা করেছে, সেটিও অজানা রয়ে গেছে।

ভোরে ঘুম থেকে উঠে তনুর মা আনোয়ারা বেগম কান্নায় ভেঙে পড়েন। তনুর ছবি বুকে নিয়ে বিলাপ করতে করতে তিনি বলেন, 'গত বছর ২০ মার্চ সকালে, দুপুরে, এমনকি বিকেল পর্যন্ত তনু আমার সঙ্গে ছিল। এরপর থেকে আমার মেয়ে নেই। এমন মেয়েকে কেমন করে ভুলি!' আর তনুর বাবা ইয়ার হোসেন বলেন, 'নানা চাপের মধ্যে আমরা বেঁচে আছি। আল্লাহ জানেন, বিচার পাব কি না।'



তনুর হত্যাকারীদের দ্রুত শনাক্ত করে শাস্তির দাবিতে গতকাল তাঁর সহপাঠীসহ শিক্ষার্থীরা ভিক্টোরিয়া কলেজে মানববন্ধন করেন ● প্রথম আলো

**ঢাকায় সমাবেশ, বিবৃতি**

তনু হত্যার বিচারের দাবিতে গতকাল রাজধানীতে জাতীয় জাদুঘরের সামনে বিক্ষোভ সমাবেশ ও মশাল মিছিল করেছে বাংলাদেশ ছাত্র ফেডারেশন। এ হত্যার সুষ্ঠু তদন্ত ও ন্যায়বিচারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও প্রশাসনের কাছে দাবি জানিয়েছে বাংলাদেশ মহিলা পরিষদ। গতকাল সংগঠনের বিবৃতিতে এ দাবি জানানো হয়। এ ছাড়া খুনিরা চিহ্নিত না হওয়ায় ক্ষোভ জানিয়ে বিবৃতি দিয়েছে নারী সংহতি।